

আবাসা | Abasa | عَبَسَ

আয়াতঃ ৮০ : ২০

আরবি মূল আয়াত:

ثُمَّ السَّبِيلَ يَسَّرَهُ ﴿٢٠﴾

অনুবাদসমূহ:

তারপর তিনি তার পথ সহজ করে দিয়েছেন। — আল-বায়ান

অতঃপর তিনি (উপায়-উপকরণ ও প্রয়োজনীয় দ্রব্যসামগ্রী দিয়ে জীবনে চলার জন্য) তার পথ সহজ করে দিয়েছেন। — তাইসিরুল

অতঃপর তার জন্য পথ সহজ করে দেন; — মুজিবুর রহমান

Then He eased the way for him; — Sahih International

২০. তারপর তার জন্য পথ সহজ করে দেন(১);

(১) অর্থাৎ আল্লাহ তা'আলা স্বীয় ক্ষমতা-বলে মাতৃগর্ভে মানুষকে সৃষ্টি করেন। তারপর তিনিই তার অপার শক্তির মাধ্যমে মাতৃগর্ভ থেকে জীবিত ও পূর্ণাঙ্গ মানুষের বাইরে আসার পথ সহজ করে দেয়। ফলে দেহটি সহী-সালামতে বাইরে চলে আসে এবং মায়েরও এতে তেমন কোন দৈহিক ক্ষতি হয় না। এছাড়া আয়াতের আরেকটি অর্থ হচ্ছে, দুনিয়ায় তিনি তার জন্য নিজের জন্য ভালো বা মন্দ, কৃতজ্ঞতা বা অকৃতজ্ঞতা আনুগত্য বা অবাধ্যতার মধ্যে সে কোন পথ চায় তা তার সামনে খুলে রেখে দিয়েছেন এবং পথ তার জন্য সহজ করে দিয়েছেন। ফলে সে শুকরিয়া আদায় করে সৎপথ গ্রহণ করতে পারে, আবার কুফরী করে বিপথে যেতে পারে। [দেখুন: ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

২০। অতঃপর তার জন্য তার পথ সহজ করে দিয়েছেন। [১]

[১] অর্থাৎ, ভাল-মন্দের পথ স্পষ্টভাবে দেখিয়ে দেওয়া হয়েছে। কেউ কেউ বলেন, এ থেকে উদ্দেশ্য হল মায়ের পেট থেকে বের হবার পথ। তবে প্রথম অর্থটিই অধিক শুদ্ধ।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5778>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন